দৈনিক খবর

তারিখ 29 APR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

## এসএসসি পরীক্ষা

# শিক্ষকসহ দেড় হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ৬ষ্ঠ দিনে ৫ জন শিক্ষকসহ ১,৫৫৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। সিলেটের শ্রীমঙ্গলে বহিষ্কৃত একজন পরীক্ষার্থী কর্তৃক পরিদর্শক প্রহৃত হয়েছেন। এদিকে পুলিশ গাইবান্ধার সাতুল্লাপুর কেন্দ্র হতে ১ জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে।

ঢাকা শিক্ষা বোর্ড ঃ বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল ৪৪৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে রয়েছে ঢাকা মহানগরীতে ৬ জন, গাজীপুরে ১৬ জন, নারায়ণগঞ্জে ৯ জন, নরসিংদীতে ৩৯ জন, মুন্সীগঞ্জে ১৭ জন, মানিকগঞ্জে ১৪ জন, টাঙ্গাইলে ১৫ জন, ফরিদপুরে ৫০ জন, মাদারীপুরে ৩৪ জন, শরিয়তপুরে ৫

২–এর পাতায় দেখুন

## শিক্ষকসহ দেড় হাজার

প্রথম পৃষ্ঠার পর

জন, রাজবাড়ীতে ১৮ জন, গোপালগঞ্জে ২৭ জন, ময়মনসিংহে ৮৯ জন, কিশোরগঞ্জে ৪৬ জন, নেত্রকোনায় ১৯ জন, জামালপুরে ১১ জন ও শেরপুরে ১১ জন।

কুমিল্লা শিক্ষা বোর্ডঃ এ বোর্ডে গতকাল ৩ জন শিক্ষকসহ ৩১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে বোর্ড কর্তৃপক্ষ জানায়। বান্দরবান জেলার সরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মওলানা নূরুল আবছার ও কুমিল্লার লাঙ্গলকোট কেন্দ্রে ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। এদিকে সিলেটের শ্রীমঙ্গলে একজন বহিষ্কৃত পরীক্ষার্থীসহ একজন পরিদর্শককে মারপিট করার ঘটনা ঘটেছে। বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে রয়েছে কক্সবাজার ৬৪ জন, বান্দরবানে ১ জন, ফেনীতে ৩৮ জন, লক্ষীপুরে ৩৪ জন, কুমিল্লায় ৯৫ জন, চাঁদপুরে ৫৬ জন, মৌলভীবাজারে ১৮ জন ও সুনামগঞ্জে ১২ জন।

রাজশাহী শিক্ষা বোর্ড ঃ এ বোর্ড কর্তৃপক্ষ জানায়, গতকাল গাইবান্ধার সাতুল্লাপুর কেন্দ্র হতে ১ জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে। এ ছাড়া পাবনার বেড়া কেন্দ্র হতে ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। গতকাল এ বোর্ডে ৭৮৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রাজবাড়ীতে ৩৩ জন, নাটোরে ৩৩ জন, নওগাঁয় ৫১ জন, পাবনায় ২৯ জন, সিরাজগঞ্জে ৭০ জন, রংপুরে ১২৫ জন, বগুড়ায় ১৩৩ জন, গাইবান্ধায় ১০৪ জন, নীলফামারীতে ২৫ জন, দিনাজপুরে ১২০ জন, ঠাকুরগাঁয়ে ৩৯ জন ও পঞ্চগড়ে ২৫ জন রয়েছে।

কালীগঞ্জ (গাজীপুর) ঃ নিজস্ব সংবাদদাতা জানান, পাটমন্ত্রী বিগ্রেডিয়ার (অবঃ) হান্নান শাহ গতকাল ভাওয়াল জামালপুর উচ্চ বিদ্যালয় ও কালীগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করেছেন। মন্ত্রী শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেখে গভীর সন্তোষ প্রকাশ করেন। এ দু'টি কেন্দ্রে গতকাল ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

নওগাঁ ঃ জেলা প্রতিনিধি বিশ্বজিত সরকার জানান, এ জেলায় গতকাল ৫১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে নওগাঁ সদরে ৪ জন, মহাদেবপুরে ১ জন, মান্দায় ৫ জন, রানীনগরে ১০ জন, ধামুইরহাটে ৫ জন, নিয়ামতপুরে ১ জন, পুরসায় ১ জন, সাপাহাড়ে ১ জন, আত্রাইয়ে ৮ জন ও বদলগাছিতে ১৫ জন রয়েছে।

পটুয়াখালী ঃ নিজস্ব সংবাদদাতা স্বপন ব্যানার্জী জানান, এ জেলার ৭টি কেন্দ্র হতে গতকাল ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে দশমিনায় ৩ জন, সুবিধখালীতে ২ জন, দুমকীতে ১ জন ও গলাচিপায় ৫ জন রয়েছে।

কাপাসিয়া (গাজীপুর)ঃ নিজস্ব সংবাদদাতা মোঃ আবুল কাসেম মঞ্জু জানান, কাপাসিয়া উপজেলা কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৯ জনকে বহিষ্কার করা হয়েছে।